

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ


স্মারক নম্বর: ৫৯.০০.০০০০.১০৩.২৫.০০১.২৩. ৪৮

তারিখ: ২২-১০-২০২৩ খ্রি:

বিষয়: পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্ন স্বাক্ষরকারী কর্তৃক গত ২৬-০৯-২০২৩ খ্রি. তারিখে টাঙ্গাইল জেলার ২০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র সরেজমিন পরিদর্শন করা হয়। উক্ত পরিদর্শন প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে।

  
২৫/১০/২০২৩  
(ইশরাত জামান)  
যুগ্মসচিব  
ফোন-২২৩৩৮৭২৫২

সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:-

০১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা
০২. উপসচিব (জনসংখ্যা-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৩. সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৪. ফাহমীন খালেদ নিপা, সহকারী পরিচালক (সংযুক্ত- এপিএ কার্যক্রম, প্রশাসন-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৫. প্রোগ্রামার, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
০৬. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ

**টাঙ্গাইল জেলার মা ও শিশু কল্যাণ কেন্দ্র, টাঙ্গাইল পরিদর্শন প্রতিবেদন:**

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের নাম: ২০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, টাঙ্গাইল।

জেলার নাম : টাঙ্গাইল।

পরিদর্শনের তারিখ : গত ২৬-০৯-২০২৩ খ্রি. তারিখ।

কর্মরত ও শূন্য জনবলের তথ্য : মেডিকেল অফিসার (ক্লিনিক) ০১ জন; পরিবার কল্যাণ পরিদর্শিকা ০১ জন; ফিমেল মেডিকেল এ্যাটেনডেন্ট কাম অফিস সহকারী ০১ জন, সহকারী নার্সিং এ্যাটেনডেন্ট ০২ জন; গাড়ী চালক ০১ জন কর্মরত আছে। সুইপার পদটি দীর্ঘদিন যাবৎ শূন্য রয়েছে।


জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রের জন্য বহুতল নতুন ভবন নির্মাণ: কেন্দ্রটি ১৯৬১ সালে ৪০ (চল্লিশ) শতাংশ জমির উপর প্রতিষ্ঠিত হয়। উক্ত কেন্দ্রের ভবনটি অতি পুরাতন ও জরাজীর্ণ হওয়ায় ছাড় দিয়ে পানি চুষে পড়ে বিধায় ঝুঁকিপূর্ণ। কেন্দ্রটিতে প্রচুর রোগির আগমন পরিলক্ষিত হয়। দোতলায় ওটি রুমসহ রোগীদের জন্য বেড থাকায় সুরু ও খাড়া সিঁড়ি দিয়ে গর্ভবতী মহিলাদের গর্ভাবস্থায় উঠানামা করা কষ্টকর।

অপরদিকে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, টাঙ্গাইলের নিজস্ব অফিস ভবন নির্মাণের জন্য কোন জায়গা নেই। টাঙ্গাইল জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের জন্য নতুন ভবন নির্মাণের জন্য ইতোপূর্বে জেলা প্রশাসনের মাধ্যমে ৩০ (ত্রিশ) শতাংশ ভূমি স্থায়ী বন্দোবস্তের জন্য সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবর ০২ (দুই) বার প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ১ম বার জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের জন্য প্রস্তাবিত নির্ধারিত ভূমি ৩০ (ত্রিশ) শতাংশের মধ্যে ২১ শতাংশ ভূমি লৌহজং নদীর মধ্যে থাকায় উক্ত ভূমি জেলা কার্যালয় নির্মাণে জন্য স্থায়ী বন্দোবস্ত প্রদান করা যায় নাই। ২য় বার নতুন ভবন নির্মাণের জন্য ২০২২-২০২৩ অর্থ বছরে জেলা প্রশাসনের মাধ্যমে ৩০ (ত্রিশ) শতাংশ ভূমি দীর্ঘমেয়াদী বন্দোবস্ত প্রদানের জন্য পুনরায় সচিব, ভূমি মন্ত্রণালয় বরাবর প্রস্তাব প্রেরণ করা হলেও পরবর্তীতে জেলা প্রশাসন হতে জানানো হয় যে, প্রস্তাবিত ভূমি বন্দোবস্ত দেয়া সম্ভব নয়। টাঙ্গাইল পৌরসভা বা এর আশে-পাশের ভূমির মূল্য অনেক বেশি। এ অবস্থায় ক্রয়কৃত ভূমির উপর জেলা কার্যালয়ের নতুন ভবন নির্মাণ না করে মা ও শিশু কল্যাণ কেন্দ্র, টাঙ্গাইল এর পুরাতন ও জরাজীর্ণ ভবনটি ভেঙ্গে উক্ত স্থানে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের নতুন ভবনসহ মা ও শিশু কল্যাণ কেন্দ্রের জন্য বহুতল ভবন নির্মাণ করা যায়।

**সুপারিশ:**

(১) মা ও শিশু কল্যাণ কেন্দ্রের জরাজীর্ণ পুরাতন ভবনটি অকেজো ঘোষণাপূর্বক ভেঙ্গে উক্ত স্থানে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, টাঙ্গাইলের জন্য নতুন অফিস ভবন এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রের জন্য বহুতল বিশিষ্ট নতুন ভবন নির্মাণের এর বিষয়ে মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা যেতে পারে।

(২) ২০ (বিশ) শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রের জন্য পরিবার কল্যাণ পরিদর্শিকা পদের জন্য ০১টি মাত্র অনুমোদিত পদ রয়েছে। যা অত্যন্ত অপ্রতুল। সেবা কেন্দ্র হতে ২৪ ঘন্টা প্রসব সেবা প্রদানের জন্য পরিবার কল্যাণ পরিদর্শিকা পদধারীদের আবশ্যিকতা রয়েছে। পরিবার কল্যাণ পরিদর্শিকার অনুমোদিত পদের সংখ্যা বৃদ্ধি করা প্রয়োজন। এছাড়া সহকারী নার্সিং এ্যাটেনডেন্ট পদের অনুমোদিত পদসংখ্যা বৃদ্ধিসহ দাই নার্স পদটি মা ও শিশু কল্যাণ কেন্দ্রের জন্য সৃজন করা যেতে পারে।

  
20/09/2023  
(ইশরাত জামান)

যুগ্মসচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট অনুবিভাগ)  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়